

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৮৭

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহভীতি ও সংযমশীলতা

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : قِيلَ: يَا رَسُولَ الله مَنْ أَكرمُ النَّاسِ؟ قَالَ أَتْقَاهُمْ فَقَالُوْا: لَيْسَ عَن هَذَا نَسَأَلُكَ قَالَ فَيُوسُفُ نَبِيُّ اللهِ ابنُ نَبِيِّ اللهِ ابنِ نَبِيِّ اللهِ ابنِ خليلِ اللهِ قَالُوْا : لَيْسَ عَن هَذَا نَسَأَلُكَ قَالَ فَعَن مَعَادِنِ العَرَبِ تَسْأَلُوني؟ خِيَارُهُمْ في الْجَاهِليَّةِ خِيَارُهُمْ في الْجَاهِليَّةِ خِيَارُهُمْ في الْإِسْلام إِذَا فَقُهُوا مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ

অর্থাৎ, হে বিশ্বাসীগণ! তোমরা আল্লাহকে যথার্থভাবে ভয় কর। (সূরা আলে ইমরান ১০২ আয়াত)

উক্ত আয়াতে যথার্থভাবে ভয় করার ব্যাখ্যা রয়েছে এই আয়াতে; তিনি বলেন,

فَاتَّقُوا الله مَا اسْتَطَعْتُمْ

অর্থাৎ, তোমরা আল্লাহকে যথাসাধ্য ভয় কর। (সূরা তাগাবুন ১৬) তিনি আরো বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللهَ وَقُولُوا قَوْلاً سَديداً

অর্থাৎ, হে বিশ্বাসীগণ আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বল। (সূরা আহ্যাব ৭০)

তিনি অন্যত্র বলেন,

وَمَنْ يَتَّق اللهَ يَجْعَلْ لَهُ مَخْرَجاً وَيَرْزُقُهُ مِنْ حَيْثُ لا يَحْتَسِبُ

অর্থাৎ, আর যে কেউ আল্লাহকে ভয় করবে আল্লাহ তার নিষ্কৃতির পথ করে দিবেন এবং তাকে তার ধারণাতীত



উৎস হতে রুযী দান করবেন। (সূরা ত্বালাক্ব ২-৩ আয়াত) তিনি আরো বলেন,

إِنْ تَتَّقُوا اللهَ يَجْعَلْ لَكُمْ فُرْقَاناً وَيُكَفِّرْ عَنكُمْ سَيِّئاتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ وَاللهُ ذُو الْفَضلِ الْعَظِيم

অর্থাৎ, যদি তোমরা আল্লাহকে ভয় কর, তাহলে তিনি তোমাদেরকে ন্যায়-অন্যায় পার্থক্যকারী শক্তি দেবেন, তোমাদের পাপ মোচন করবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন। আর আল্লাহ অতিশয় অনুগ্রহশীল। (সূরা আনফাল ২৯ আয়াত)

(আল্লাহভীতি, সংযমশীলতা ও তারুওয়া-পরহেযগারীর গুরুত্ব সম্বন্ধে আরো অনেক আয়াত রয়েছে। এ বিষয়ে উল্লেখযোগ্য হাদীসসমূহ নিম্নরূপ)

(১৮৭) আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করা হল যে, হে আল্লাহর রসূল! মানুষের মধ্যে সবচেয়ে সম্মানিত ব্যক্তি কে? তিনি বললেন, তাদের মধ্যে যে সবচেয়ে আল্লাহ-ভীরু। অতঃপর তাঁরা (সাহাবীরা) বললেন, এ ব্যাপারে আমরা আপনাকে জিজ্ঞাসা করছি না। তিনি বললেন, তাহলে ইউসুফ (সবচেয়ে সম্মানিত ব্যক্তি), যিনি স্বয়ং আল্লাহর নবী, তাঁর পিতা নবী, পিতামহও নবী এবং প্রপিতামহও নবী ও আল্লাহর বন্ধু। তাঁরা বললেন, এটাও আমাদের প্রশ্ন নয়। তিনি বললেন, তাহলে তোমরা কি আমাকে আরবের বংশাবলী সম্পর্কে জিজ্ঞাসা করছ? (তবে শোনো!) তাদের মধ্যে যারা জাহেলী যুগে ভাল, তারা ইসলামেও ভাল; যদি দ্বীনী জ্ঞান রাখে।

ফুটনোট

(বুখারী ৩৩৫৩, মুসলিম ৬৩১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন